



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/২৩

তারিখ : ১৮-০২-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ২৫-০১-২০২৪ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন মধুমতি আদর্শ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ তুষার আহমেদ একজন যৌন বিকারগ্রস্থ, নৈতিক ও আদর্শ বিবর্জিত এবং ক্ষমতার চরম অপব্যবহারকারী ব্যক্তি নন সে বিষয়ে কারণ দর্শিয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিল করার জন্য গত ১৯-১২-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৪৫৭ নং স্মারকপত্রে পত্র প্রদান করিলে জনাব মোঃ তুষার আহমেদ কারণ দর্শানোর জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাব গ্রহণপূর্বক বাদী সভাপতি জনাব এম মোশতাক আলী-এর অভিযোগ হতে বিবাদী সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ তুষার আহমেদ-কে গত ৩১-১২-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৪৫৮ নং স্মারকপত্রে সতর্কীকরণ পত্র প্রদান করা হয় এবং গত ০৮-০১-২০২৪ খ্রি. তারিখে বিঅ-৬/০৭ নং স্মারকপত্রে বিবাদী প্রধান শিক্ষক জনাব মোঃ তুষার আহমেদ-কে অব্যাহতি দিয়ে স্বপদে পুনর্বহালের জন্য আপনাকে পত্র প্রদান করা হয়। আপনি প্রধান শিক্ষক জনাব মোঃ তুষার আহমেদ-কে অদ্যাবধি পর্যন্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদানসহ স্বপদে পুনর্বহাল না করায় গত ০২-০১-২০২৪ খ্রি. তারিখে বিবাদী চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর বরাবর আবেদন দাখিল করেন।

প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৪১/২/চ(১) ধারা অনুযায়ী গভর্নিং বডি, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির ক্ষমতা ও দায়িত্ব হলো বোর্ড এবং সরকার কর্তৃক জারীকৃত সকল আদেশ-নির্দেশ পালন করা। আপনি যশোর বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সিদ্ধান্ত অমান্য করে তার দায়িত্ব প্রতিপালনে সুস্পষ্ট লঙ্ঘন করেছেন।

প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮ অনুযায়ী গভর্নিং বডি, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটি বাতিলকরণের (২) এ উল্লেখিত শর্ত সাপেক্ষে বোর্ড বা সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অমান্য করায় বোর্ড যে কোন সময় গভর্নিং বডি, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটি ভাঙ্গিয়া দিতে বা প্রবিধান ৫(৩) এর অধীন মনোনীত উহার সভাপতি বা যে কোন সদস্যের সদস্যপদ বাতিল করিতে পারিবে।

এমতাবস্থায়, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন মধুমতি আদর্শ বিদ্যালয়ের বাদী সভাপতি জনাব এম মোশতাক আলী এস. আর.ও নং-১৫৩/আইন/২০০৯ এর প্রবিধান ৪১/২/চ(১) ধারা লঙ্ঘন করায় প্রবিধান ৩৮ অনুযায়ী গভর্নিং বডি, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটি বাতিলকরণের (২) এ উল্লেখিত শর্ত অমান্য করায় কেন আপনাকে সভাপতির পদ হতে অব্যাহতি দেয়া হবে না তার কারণ পত্রজারীর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

তারিখ : ১৮-০২-২০২৪ খ্রি.

সভাপতি, ম্যানেজিং কমিটি

মধুমতি আদর্শ বিদ্যালয় (১৩১১০৫)

পহরডাঙ্গা, কালিয়া, নড়াইল

স্মারক নং-বিঅ-৬/২৩(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

১। জেলা প্রশাসক, নড়াইল।

২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।

৩। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।

৫। প্রধান শিক্ষক, মধুমতি আদর্শ বিদ্যালয়, পহরডাঙ্গা, কালিয়া, নড়াইল।

৬। সংরক্ষণ নথি।

২৬/০২/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৬/০২/২৪